দৈনিক জনকণ্ঠ

তারিখ ... JUN 1 9 1999
পৃষ্ঠা ... কলাম

## রাজশাহী বোর্ডে সবচেয়ে ভাল করেছে পাবনা ক্যাডেট কলেজ

রাজশাহী, ১৮ জুন, সংবাদদাতা ॥ রাজশাহী শিক্ষা বোর্ডের এবারের এসএসসি পরীক্ষার ফলে সবচেয়ে ভাল করেছে পাবনা ক্যাডেট কলেজ। রাজশাহী বোর্ডের বিজ্ঞান ও মানবিক/সমাজ বিজ্ঞান শাখায় সম্মিলিত মেধা তালিকার ৪০টি স্থানের মধ্যে একক ও যৌথভাবে ২৩টি স্থান পেয়েছে এই কলেজ। বিজ্ঞানে সম্মিলিত মেধা তালিকায় যৌথভাবে প্রথম স্থান অধিকারী এ কলেজের ছাত্র মোহাম্মদ গোলাম মোস্তফা ভূঁইয়া ৯টি বিষয়ে লেটারসহ ৯৪৫ নম্বর পেয়েছে। মানবিকে সম্মিলিত মেধা তালিকায় এককভাবে প্রথম হয়েছে এ কলেজের ছাত্র মোঃ মশিউল আলম। সে ৭টি বিষয়ে লেটারসহ ৮৭৮ নম্বর পেয়েছে। এ ছাড়া বিজ্ঞানে সম্মিলিত মেধা তালিকায় দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ, সপ্তম, অষ্টম (২ জন), ১১তম, ১৩তম, ১৪তম (২ জন), ১৫তম, ২০তম স্থান লাভ করেছে। এদিকে মানবিকে তৃতীয়, সপ্তম, নবম, ১১তম (২ জন), ১৬তম (২ জন), ১৮তম ও ১৯তম স্থান লাভ করেছে।

ব্যবসা শিক্ষা শাখায় সম্মিলিত মেধা তালিকায় প্রথম হয়েছে বগুড়া ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এ্যান্ড কলেজের নূর উদ্দিন মিলন। মেয়েদের মধ্যে বিজ্ঞানে ও মানবিকে সম্মিলিত মেধা তালিকায় একই স্কুলের যথাক্রমে তারান্নুম শাহরিন ও কাজিয়া সুলতানা, ব্যবসায় শিক্ষা শাখায় মেয়েদের মধ্যে সম্মিলিত মেধা তালিকায় বগুড়া পুলিশ লাইন স্কুলের সুরাইয়া মাহবুবা প্রথম হয়েছে।

এছাড়া বগুড়া ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এ্যান্ড কলেজের ১১, রাজশাহী ক্যাডেট কলেজের সাত, রংপুর ক্যাডেট কলেজের ছয়, রাজশাহী ল্যাবরেটরি স্কুলের তিন, পাবনা জেলা স্কুলের তিন, দিনাজপুর সরকারী স্কুলের এক, রংপুর মিঠাপুকুর স্কুলের এক, দিনাজপুর জেলা স্কুলের এক, ঠাকুরগাঁও সরকারী স্কুলের দুই, সৈয়দপুর সরকারী স্কুলের এক, চাটমোহর বয়েজ হাইস্কুলের এক, রংপুর ক্যান্টঃ স্কুলের দুই, রাজশাহী পিএন বালিকা বিদ্যালয়ের দুই, রাবি স্কুলের দুই, রাজশাহী হেলেনাবাদ বালিকা বিদ্যালয়ের এক, বগুড়া বোর্ড ক্যান্টঃ স্কুলের এক, নাজিপুর স্কুলের এক, পাবনার দুলাই স্কুলের এক, হরিনা ভগবতি স্কুলের তিন, নাটোরের এরশাদ পাবলিক স্কুলের দুই, ঘোড়াচোড়া স্কুলের তিন, বগুড়া জেলা স্কুলের ছয়, সুজানগর উচ্চ বিদ্যালয়ের এক, লালমনিরহাট গবঃ হাইস্কুলের এক, সাঁথিয়া পাইলট উচ্চ বিদ্যালয়ের এক, রাজশাহী কলেজিয়েট স্কুলের এক, ধানগড়া স্কুলের এক এবং আলমপুর স্কুলের এক মেধা তালিকায় স্থান পেয়েছে।

## মেধা তালিকায় মির্জাপুর ক্যাডেট কলেজ শীর্ষে ॥ ১৫ স্থান দখল

মির্জাপুর, ১৮ জুন, সংবাদদাতা ॥ সকল রেকর্ড অতিক্রম করে মির্জাপুর ক্যাডেট কলেজের ছাত্ররা এ বছর এসএসসি পরীক্ষায় বিজ্ঞান বিভাগ থেকে ১ম, ২য় এবং মানবিক বিভাগ থেকে ১ম স্থানসহ মোট ১৫টি মেধাস্থান দখল করে নিয়েছে।

এ নিয়ে সারা মির্জাপুর আনন্দে মুখরিত হয়ে উঠেছে। মির্জাপুর ক্যাডেট কলেজের অধ্যক্ষ রইস উদ্দিন আহমেদ বৃহস্পতিবার সন্ধ্যায় জানান, এ গৌরব শুধু মির্জাপুরের নয় সারা দেশের। তিনি বলেন, আমাদের কঠোর শ্রম এবং ছেলেদের সাধনার ফলেই এ রকম সুন্দর ফল তারা অর্জন করেছে। আগামীতে আরও ভাল ফল অর্জন করবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।